

সভার চেয়ারম্যান উপজেলা পরিষদ এর কার্যালয়

সরিষাবাড়ী, জামালপুর

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব জেলা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর মহোদয়ের অফিস কক্ষ

সভার তারিখঃ ০৬-৩-২০২৩ খ্রিঃ রোজঃ সোমবার, সময়ঃ ১১.০০ ঘটিকা।

সম্মানিত সদস্যগণের সভায় উপস্থিতি হাজিরা পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য-সচিব ও উপজেলা শিক্ষা অফিসার সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদিত ও গৃহিত হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার সদস্য-সচিব ও উপজেলা শিক্ষা অফিসার এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

ক্রমঃ	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ সংক্রান্ত আলোচনা	উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী সভায় জানান যে, আগামী ৮-১৪ মার্চ জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ ২০২৩ অনুষ্ঠিত হবে। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের উপজেলা ও বিদ্যালয় পর্যায়ে কর্মসূচীসমূহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরণ করা হয়েছে। বিদ্যালয়ের ও উপজেলার কর্মসূচী সমূহ যথাযথভাবে নির্ধারিত তারিখে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।	আলোচ্য বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং কর্মসূচী সমূহ যথাযথ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক, সরিষাবাড়ী, জামালপুর।
০২	জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস, জাতীয় শিশু দিবস ও মহান স্বাধীনতা দিবস উদযাপন, ২০২৩ সংক্রান্ত আলোচনা	উপজেলা শিক্ষা অফিসার সরিষাবাড়ী, জামালপুর মহোদয় সভায় উপস্থাপন করেন যে, আগামী ১৭/০৩/২০২৩ খ্রিঃ তারিখ জাতির জনক বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস এবং মহান স্বাধীনতা দিবস বিদ্যালয় পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা এবং স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক যথাযথভাবে পালনের জন্য আলোচনা করেন।	সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় যে, উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী আলোচনা মোতাবেক সকল বিদ্যালয়ে আগামী ১৭ মার্চ, ২০২৩ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকীতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা এবং স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহিত সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।	প্রাথমিক শিক্ষা বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জেলা আক্তার)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর

ও

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

তারিখঃ ০৬-৩-২০২৩ খ্রিঃ।

স্মারক নং- উশিঅ/সরিষা/জামাল/২০২৩/ ২২৮/১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, জামালপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর।
- ৬। অফিস কপি।

(নাহিদা ইয়াসমীন)

উপজেলা শিক্ষা অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।



ও

সদস্য সচিব

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা
সভাপতি : জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর মহোদয়ের অফিস কক্ষ
সভার তারিখ : ০৬/০৩/২০২৩ খ্রিঃ, রোজঃ সোমবার, সময় : ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রঃ নং	নাম ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
০১	জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সভাপতি	
০২	চেয়ারম্যান, মহাদান ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৩	চেয়ারম্যান, পোগলদিঘা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৪	চেয়ারম্যান, ভাটারা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৫	উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য-সচিব	